তারিখ ... 08 JAN 1995 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

03

# শিক্ষা সংক্রান্ত 'দিল্লী ঘোষণায়' বাংলাদেশের স্বাক্ষর দান

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল শনিবার ঢাকার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশের পক্ষে সকলের জন্য শিক্ষা সংক্রান্ত 'দিল্লী ঘোষণায়' স্বাক্ষরদান করিয়াছেন। ১৯৯৩

(২য় পৃ: ৮-এর ক: দ্র:)

## শিক্ষা সংক্রান্ত

( শেষ পৃ: পর)

সালের ডিসেম্বরে দিল্লীতে বাংলাদেশ, ব্রাজিল, চীন, মিসর, ভারত, ইন্দোনেশিয়া, মেক্সিকো, নাইজেরিয়া ও পাকিস্তান—বিশ্বের এই ৯টি জনবহুল দেশ এক সম্মেলনে এই ঘোষণা গ্রহণ করে। গতকাল মন্ত্রী, এমপি, শিক্ষাবিদ, পদস্থ সরকারী কর্মকর্তা, কূটনীতিক ও বিভিন্ন পেশাজীবী সংগঠনের প্রতিনিধিবৃন্দ এই স্বাক্ষরদান অনুষ্ঠান প্রত্যক্ষ করেন। কর্মকর্তারা বলেন, বিশ্বের মোট জনসংখ্যার শতকরা ৭২ ভাগ অশিক্ষিত লোকের বাস এই ৯টি দেশে। প্রধানমন্ত্রী বলেন, ঘোষণায় এই স্বাক্ষর দানের মাধ্যমে বাংলাদেশ জনগণের মৌলিক অধিকার শিক্ষা নিশ্চিতকরণে ইহার অঙ্গীকার পুনর্ব্যক্ত করিল। সম্মিলিতভাবে কাজ করিলে ইনশাল্লাহ্ আমরা জাতিকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করিতে পারিব। 'সকলের জন্য শিক্ষা' কর্মসূচীকে অবশ্যই সামাজিক আন্দোলনে পরিণত করিতে হইবে। অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ও যুগ্ম সচিবও বক্তৃতা করেন।